



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড,
সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত ইনোভেশন টিমের তৃতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম।
সভার তারিখ ২৩-১২-২০২০ ইং
সভার সময় বুধবার, বিকাল ৪:০০ ঘটিকা
স্থান হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেন্স রুম।
উপস্থিতি ক) জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। খ) জনাব, শিহাব
মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য, ইনোভেশন টিম। গ) জনাব মোঃ নাজমুল
হক, সহকারি পরিচালক (পরিকল্পনা) ও সদস্য, ইনোভেশন টিম।

২.০ আলোচনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী বার্ষিক উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভায় উল্লেখ করা হয় যে, ইনোভেশন টিমের ২টি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। সিডিউল অনুযায়ী আরও ৪ টি সভা অনুষ্ঠিত হবে। তাছাড়া, চতুর্থ সভাটি আগামী ২৫ ফেব্রুয়ারী ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে। সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) দিনের প্রশিক্ষণ ও একদিনের কর্মশালা/সেমিনার যথাসময়ে আয়োজনের জন্য সভাপতি নির্দেশনা দেন।

২.২। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং হিসাবে জ্বালানি ও খনিজ সম্পদ ও তার আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি সমূহের টেলিফোন নির্দেশিকার মোবাইল অ্যাপস তৈরি করে এবং তা বাস্তবায়ন করা, ডিজিটাল সেবা হিসাবে জ্বালানি ও খনিজ সম্পদ ও তার আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি সমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলনের ই-বুক তৈরি করা, প্রতি বছরে বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য ওয়েবসাইটে আপলোড করা, ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ প্রতি বছরে উদ্ভাবনের সকল তথ্য ওয়েবসাইটে আপলোড করা এবং বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নিদিষ্ট সময়ের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০ সিদ্ধান্তঃ

ক) উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়নকরণের জন্য একটি কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
খ) ডিজিটাল সেবা হিসাবে জ্বালানি ও খনিজ সম্পদ ও তার আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি সমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলনের ই-বুক তৈরি করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির সদস্য সচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও
চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.২২৬

তারিখ: ১০ পৌষ ১৪২৭
২৫ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও
চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম